

## “সমাজ সেবা যুব সংঘ”

বোয়ালী কলিয়া পাড়া

উপজেলাঃ সখিপুর, জেলাঃ টাঙ্গাইল।

স্থাপিতঃ ২০১৪ খ্রিস্টাব্দ

### সংগঠন নীতিমালা

সকল প্রকার ভেদাভেদ ভুলে যাই,

সমাজ ও দেশের উন্নয়ন চাই

১. সংগঠনের সকল প্রকার অর্থ অত্র সমাজ, মসজিদ, মাদরাসা ও দরিদ্র ব্যক্তির সহায়তায় ব্যয় করা হবে।
২. সংগঠনের কোন টাকা অত্র সংগঠনের সদস্য, দাতা সদস্য বা অন্যান্য কোন ব্যক্তি দাবি করতে পারবেনা কিংবা দানকৃত টাকাও ফেরত যোগ্য নয়।
৩. কোন প্রকার লাভ বা সুদের আদায় কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সংগঠনের কোন অর্থ লেনদেন করা যাবেনা।
৪. কেবল মাত্র যুবকরাই অত্র সংগঠনের নিয়মিত সদস্য হতে পারবে; অন্যথায় দাতা সদস্য হওয়া যাবে।
৫. নতুন কোন সদস্য হতে হলে অবশ্যই সংগঠনের সকল নীতিমালা মেনে সদস্য ফরম পূরন করে সদস্য হতে হবে।
৬. সংগঠন কমিটি আগামী দুই বছরের জন্য নির্বাচিত হবে, মেয়াদ উত্তীর্ণ হওয়ার সাথে সাথে কমিটির সদস্যগণ সেচ্ছায় পদত্যাগ করবে। অতঃপর নতুন করে কমিটি গঠন হবে।
৭. সংগঠনের কমিটির কোন সদস্য পদ চেয়ে নেওয়া যাবেনা, কেহ কোন পদ দাবী করলে তাকে কোন পদ দেওয়া হবে না এবং নীতি লঙ্ঘন বলে বিবেচিত হবে।
৮. সংগঠনের উন্নয়ন উপলক্ষ্যে প্রতি মাসের প্রথম দিনে (১ তারিখে) আয়, ব্যয় ও অন্যান্য এজেন্ডা নিয়ে মিটিং অনুষ্ঠিত হবে। মিটিং এ মূল সদস্যসহ ৭৫% সদস্য উপস্থিত থাকতে হবে।
৯. সংগঠনের কোন সদস্য মিটিং এ একাধারে দুই মাস বিরা কারণে অনুপস্থিত থাকলে সংগঠন ফান্ডে ৫০/= (পঞ্চাশ টাকা) দান করতে হবে।
১০. সংগঠন কমিটির মেয়াদ শেষ হওয়ার আগে সদস্য পদ শূন্য হলে জরুরী মিটিং এর মাধ্যমে বাকী সময়ের জন্য সদস্যদের মধ্য হতে একজনকে দায়িত্ব দিতে হবে।
১১. সংগঠন কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্যঃ-
১২. (ক) সকলের নিদিষ্ট দায়িত্ব যথাযথ ভাবে পালন করতে হবে, দায়িত্ব পালনের ক্ষেত্রে অসুবিধা হলে পরামর্শ নিয়ে হলে ও দায়িত্ব পালন করতে হবে।
১৩. (খ) সকল সদস্য পরামর্শের আলোকে দায়িত্ব পালন করবে।
১৪. (গ) সকল সদস্যই সংগঠনের মাসিক চাদা বা দানের টাকা যথা সময়ে পরিশোধ করবে, এবং নিজেদের অধীস্থদের পাওনাদি পরিশোধের তাগিদ দিতে হবে।
১৫. (ঘ) সকল প্রকার টাকা সম্পাদকের নিকট জমা দিতে হবে, সম্পাদক ক্যাশ বহিতে উঠিয়ে ক্যাশিয়ারের নিকট লিখিতভাবে জমা দিবেন এবং ক্যাশিয়ার তা লিখিত ভাবে গ্রহন করবেন।
১৬. (ঙ) লিখিত ভাউচার ছাড়া আয় হবে না এবং ভাউচার ছাড়া ব্যয় হবে না।
১৭. (চ) সংগঠন ফান্ডের টাকা একাধিক ব্যক্তির নিকট থাকবেনা সংগঠন ফান্ডের টাকা অর্নথক কাউকে কর্তৃ-ধার দেওয়া যাবেনা, ক্যাশিয়ারের নিকট সংগঠন ফান্ডের সকল অর্থ জমা থাকবে। চাহিবা মাত্র হাজির করতে হবে। কোন প্রকার আমানতের খিয়ানত করা যাবেনা।
১৮. (ছ) মৌসুম অনুযায়ী ধান, কাঁঠাল ও গাছ ইত্যাদি সংগঠন উন্নয়ন ফান্ডে জমা করতে হবে।
১৯. (জ) যথা সম্ভব বহিরাগত ব্যক্তি, প্রতিষ্ঠানের নিকট হতে সংগঠন ও সামাজিক উন্নয়ন মূলক কাজের জন্য সাহায্য আনতে হবে, এতে প্রয়োজনীয় খরচ সংগঠন ফান্ড গ্রহন করবে।
২০. (ঞ) প্রত্যেককে সংগঠন, সমাজ ও সমাজের জনসাধারণের উন্নয়ন মূলক কাজের পরামর্শ প্রদান ও গ্রহন করতে হবে।